দৈনিক ইত্তেফাক

তারিখ 2? SEP 1995
পৃষ্ঠা ৬ কলাম ৮

১৪

# বন্যায় মাদারীপুরের ৭৫টি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষতি

মাদারীপুর সংবাদদাতা ॥ দুই দফা বন্যায় মাদারীপুর জেলার ৭৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ব্যাপক ক্ষয়-ক্ষতি হইয়াছে। কয়েকটি বিদ্যালয়ের সংস্কার করা না হইলে নিয়মিত ক্লাস করা সম্ভব হইবে না।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলির মধ্যে একমাত্র মাদারীপুর সদর থানায়ই রহিয়াছে প্রায় ২৯টি। রাজৈর থানায় ২০টি, শিবচর থানায় ১৬টি এবং কালকিনি থানায় ১০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ক্ষয়ক্ষতি হয়।

দুইদফা বন্যায় সদর থানায় পখিরা রাজারচর সরকারী প্রাথমিক বিদ্যালয়, চরহোগলপাতিয়া ও চরলক্ষ্মীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ ২৯টি বিদ্যালয়ের প্রভূত ক্ষতি হয়। রাজৈর থানার দুর্গাবর্দি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও সাতবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ প্রায় ২০টি বিদ্যালয়ের ক্ষয়ক্ষতি হয়। শিবচর থানার ক্ষতিগ্রস্ত ১৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে উত্তর চর জানাজাত, তারপাশা, নারিকেলবাড়ী, খাসচর বন্দরখোলা সরকারী প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে। কালকিনি থানার সূর্যমনি সরকারী প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ বাঁশগাড়ী রামচন্দ্রপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ ১০টি বিদ্যালয়ের ব্যাপক ক্ষয়ক্ষতি হয় সাম্প্রতিক বন্যায়। সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলি পুনঃসংস্কারের জন্য জরুরী ভিত্তিতে পদক্ষেপ নেওয়া দরকার। তাহা না হইলে ছেলে-মেয়েদের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হওয়ার আশংকা দেখা দিয়াছে।